দৈনিক সংবাদ

তারিখ 0 3 AUG 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

133

### চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজ

# শিবিরের সঙ্গে সশস্ত্র সংঘর্ষে ছাত্রদলের ৫ জন আহত

(নিজস্ব বার্তা পরিবেশক) চট্টগ্রাম, ২রা আগস্ট।– চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজে আজ রোববার রাতে ইসলামী ছাত্রশিবির ও জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীদের মধ্যে প্রায় ৩ ঘন্টাব্যাপী সশস্ত্র সংঘর্ষ হয়েছে। সংঘর্ষের সময় শিবিরকর্মীরা কলেজ হোস্টেলসহ চকবাজার, দেওয়ানবাজার, চন্দনপুরা, দেবপাহাড়, সিরাজুদ্দৌলা রোড প্রভৃতি এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম করে।

কিরিচ, হকিস্টিক ও অস্ত্রধারী শিবিরকর্মীরা এসব এলাকার বেশ ক'টি দোকানপাট ভাংচুর করে এবং পথচারীদের মারধোর করে। প্রায় ৪ ঘন্টা ঐ সড়কে যানবাহন চলাচল বন্ধ থাকে। রাত ১০টায় পুলিশ অবস্থান নেয়ার পর পরিস্থিতি শান্ত হয়। সংঘর্ষে ৫ জন আহত হয়। তাদের সকলেই ছাত্রদল কর্মী বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শী একটি সূত্র জানায়, সন্ধ্যা সাড়ে ৭টায় ঘটনার সূত্রপাত ঘটে। চট্টগ্রাম কলেজ ক্যাম্পাসে একজন শিবিরকর্মীর সঙ্গে জনৈক ছাত্রদল কর্মীর কথা কাটাকাটি ও তর্কাতর্কির পর ক্ষিপ্ত হয়ে ওঠে শিবির কর্মীরা। দুই কলেজ হোস্টেল ও নিকটবর্তী নগর কার্যালয় থেকে অস্ত্র সজ্জিত হয়ে শিবিরকর্মীরা আক্রমণ শুরু করে। তারা হোস্টেলে অবস্থানরত ছাত্রদল কর্মীদের বেদম মারপিট করে তাড়িয়ে দেয়। চন্দনপুরায় দু'দলের কর্মীদের মধ্যে কয়েক দফা ধাওয়া–পাল্টা ধাওয়া চলে। এ সময় অজস্র ককটেল, পটকা ও বোমা বিস্ফোরণের শব্দ শোনা যায়। বর্তমানে এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে। ছাত্রদল ও শিবির এই সংঘর্ষের জন্য পরস্পরকে দায়ী করেছে।